

# নানা আয়োজনে সিটিআইটি মেলা

**অঞ্জন চন্দ্র দেব**

বরাবরের মতো এবার রঙিন সাজে সেজেছিল বিসিএস কমপিউটার সিটি আইটি মেলা। নানা আয়োজনে জমে উঠেছিল বিসিএস কমপিউটার সিটি। হাজারো মানুষের পদধূলিতে মুখরিত ছিল কমপিউটার সিটি। 'বিশ্বকাপের খেলা-প্রযুক্তির মেলা' স্লোগান নিয়ে দেশের অন্যতম কমপিউটার বাজার ঢাকার আগারগাঁওয়ে বিসিএস কমপিউটার সিটিতে শেষ হয় কমপিউটার প্রদর্শনী 'সিটিআইটি ২০১৪'। প্রদর্শনীটি চলে ২৬ ফেব্রুয়ারি থেকে ৮ মার্চ পর্যন্ত। অন্যবারের মতো এবারও মেলায় বিশেষ আকর্ষণ বিভিন্ন পণ্যের ওপরে বিশেষ মূল্যছাড়, তথ্যপ্রযুক্তির সর্বাধুনিক পণ্যের সমাহার ছাড়াও উপস্থিত হয় বিশ্বের স্বনামধন্য প্রতিষ্ঠানের সুসজ্জিত প্যাভিলিয়ন। বিসিএস কমপিউটার সিটির নিচতলায় সজ্জিত মঞ্চে প্রতিদিন হয় সেলিব্রেটি শো। এছাড়া প্রতিযোগিতার মধ্যে শিশু চিত্রাঙ্কন, গেমিং, ডিজিটাল ফটোগ্রাফি, বিতর্ক, ক্যুইজ এবং রক্তদান কর্মসূচি ছাড়াও বেশ কিছু ভিন্নধর্মী আয়োজন হয়।

## আয়োজনে যা ছিল

বিসিএস কমপিউটার সিটির নিজস্ব আঙ্গিনায় প্রায় দুই লাখ বর্গফুট জায়গায় শুরু হয় এ প্রদর্শনী। মেলায় তথ্যপ্রযুক্তির খুব পরিচিত ব্র্যান্ডের কমপিউটার সামগ্রী প্রায় ১৬০টি স্থায়ী প্রতিষ্ঠানে প্রদর্শনসহ সুলভ মূল্যে বিক্রি করা হয়। এসব পণ্যসামগ্রীর মধ্যে উল্লেখযোগ্য ছিল কমপিউটার হার্ডওয়্যার-সফটওয়্যার, নেটওয়ার্ক ডাটা কমিউনিকেশন, মাল্টিমিডিয়া আইসিটি শিক্ষা উপকরণ ল্যাপটপ, ডিজিটাল জীবনধারাভিত্তিক প্রযুক্তি ও পণ্য এবং বিশ্বের বিভিন্ন নামকরা আইসিটি ব্র্যান্ড ডিসপ্লে করার জন্য প্যাভিলিয়নের ব্যবস্থা করা হয়।

## উদ্বোধন

প্রদর্শনী উদ্বোধন করেন প্রধান অতিথি যোগাযোগমন্ত্রী ওবায়দুল কাদের এবং বিশেষ অতিথি ডাক, টেলিযোগাযোগ এবং তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক ও বাংলাদেশ কমপিউটার সমিতি সভাপতি মোস্তাফা জব্বার।

## নতুন পণ্য ও অফার

ফ্লোরা লিমিটেড মেলা উপলক্ষে বিভিন্ন ব্র্যান্ড ও মডেলের ল্যাপটপ নোটবুক, প্রিন্টার, ডিজিটাল ক্যামেরাসহ বিভিন্ন পণ্য আকর্ষণীয় মূল্যে বিক্রি করে। প্রত্যেকটি ল্যাপটপের সাথে ছিল এক বছরের ওয়ারেন্টি। মেলা উপলক্ষে প্রত্যেকটি পণ্যে ছাড় দেয়া হয়। ফ্লোরা লিমিটেড ৪০ হাজার থেকে শুরু করে সর্বোচ্চ ১ লাখ ১২ হাজার টাকা দামের ল্যাপটপ এনেছিল মেলায়।

গ্লোবাল ব্র্যান্ড মেলা উপলক্ষে এই প্রথম আসুস পণ্যের ওপর দুই বছরের আন্তর্জাতিক ওয়ারেন্টি দেয়। ল্যাপটপের সাথে গিফট হিসেবে ছিল টি-শার্ট, মোবাইল ও হেডফোন।

মেলায় স্মার্ট টেকনোলজি নিয়ে আসে বিভিন্ন পণ্যের সমাহার এবং মেলা উপলক্ষে বিভিন্ন পণ্যের ওপর ছিল বিভিন্ন অফার।

স্যামসাং মেলায় বিভিন্ন মডেলের ক্যামেরা নিয়ে এসেছিল। ক্যামেরার সাথে গিফট হিসেবে ছিল টি-শার্ট ও ব্যাগ। মেলা উপলক্ষে স্যামসাং ছবি প্রতিযোগিতার আয়োজন করেছিল। যারা প্রতিযোগিতায় অংশ নেন তাদের মধ্যে প্রথম তিনজনকে পুরস্কার দেয়া হয়।

কমপিউটার সোর্স মেলা উপলক্ষে ছাড় না দিলেও তাদের পণ্য মেলায় অনেক সাড়া জাগিয়েছিল। তাদের বিভিন্ন পণ্য মেলায় আসা দর্শনার্থীদের আকর্ষণ করে ব্যাপকভাবে।

মেলায় ইউসিসির নতুন পণ্য ছিল এএমডির পেন্টিয়াম প্রসেসর, যার বাজার মূল্য ৮৮০০ টাকা। কিন্তু মেলা উপলক্ষে ৮০০০ হাজার টাকায় বিক্রি করা হয়। সাথে মগ, মানিব্যাগ ও টি-শার্ট গিফট দেয়া হয়। মাউস, হেডফোন, কিবোর্ডে ২০ শতাংশ পর্যন্ত ছাড় দেয়া হয়।

এসার মেলা উপলক্ষে ল্যাপটপে কিছু ছাড় দেয়। বিভিন্ন ল্যাপটপে সর্বনিম্ন ১০০০ থেকে শুরু করে ৩০০০ টাকা পর্যন্ত ছাড় দেয়। প্রত্যেকটি পণ্যের সাথে পেনড্রাইভ ও মাউস দেয়া হয়।

মেলায় এইচপির ল্যাপটপের সাথে দেয়া হয় ৫০০ টাকার গিফট। মেলায় এইচপির নতুন নোটবুক প্রচুর সাড়া ফেলেছিল, যার মূল্য ছিল ৮৭ হাজার টাকা।

লেনোভো ব্র্যান্ডের নতুন কয়েকটি ল্যাপটপ মেলায় এসেছিল। এগুলোর মধ্যে ছিল ১১ ইঞ্চি ডিসপ্লে নোটবুক আইডিয়াপ্যাড এস২১৫। ল্যাপটপে রয়েছে ২ গিগাবাইট র‌্যাম, এএমডি ১ গিগাহার্টজ প্রসেসর এবং ৫০০ গিগাবাইট স্টোরেজ সুবিধা। দাম ২৭ হাজার টাকা।

আসুসের বিভিন্ন মডেলের নোটবুক এবং নেটবুক উঠেছিল, যার দাম ছিল সর্বনিম্ন ২৫ হাজার ৯০০ টাকা থেকে সর্বোচ্চ ১ লাখ ৩৫ হাজার টাকা। এ ছাড়া ছিল আসুসের ফোনপ্যাড ট্যাবলেট পিসি। মেলার প্রাঙ্গণে ছিল আসুসের ওয়াই-ফাই ডিভাইস দিয়ে পরিচালিত ওয়াই-ফাই জোন। এর মাধ্যমে মেলায় আসা দর্শনার্থীদের বিনামূল্যে ইন্টারনেট ব্যবহারের সুযোগ হয়।

মেলায় ড্রিমল্যান্ড কমপিউটার ১৪ হাজার ৭০০ টাকায় পিসির সাথে উপহার হিসেবে দেয় হেডফোন। এছাড়া অন্যান্য পিসির সাথে উপহার হিসেবে ছিল অ্যান্টিভাইরাস। স্পিড টেকনোলজি মেলা উপলক্ষে ইডিফোয়া স্পিকারের সাথে ৫ শতাংশ এবং ই-স্ক্যান অ্যান্টিভাইরাসের সাথে ২৫ শতাংশ ছাড় দেয়, সাথে ছিল বিশেষ উপহার।

মেলায় ক্যানন পণ্যের পরিবেশক জেএএন অ্যাসোসিয়েটস প্রিন্টারে নগদ মূল্যছাড় দেয়। ক্যানন পিক্সমা এমজি৩১৭০ ইঙ্কজেট মাল্টিফ-াংশনাল প্রিন্টার পাওয়া যায় ৮ হাজার টাকায় এবং ক্যানন পিক্সমা ই-৫১০ ইঙ্কজেট অল-ইন-ওয়ান প্রিন্টার ৯ হাজার টাকায়।

মেলা উপলক্ষে মনিটর ক্রয়ে মালদ্বীপ ভ্রমণের অফার দিয়েছিল কোরিয়ান আইটি কোম্পানি। স্ক্র্যাচ অ্যান্ড উইনে ট্রিপ টু মালদ্বীপ শীর্ষক অফারের সাথে আরও ছিল এলইডি টিভি, ল্যাপটপ ও মোবাইল ফোন জেতার সুযোগ।



গিগাবাইট গেমিং প্রতিযোগিতার একাংশ

কমবেশি প্রত্যেকটি প্রতিষ্ঠান বিভিন্ন অফার দিয়েছে। এসার মূল্যহ্রাস ছাড়াও বিভিন্ন পণ্যের সাথে আকর্ষণীয় উপহার দিয়েছে। প্রতিটি ল্যাপটপের সাথে উপহার হিসেবে ছিল মাউস। মডেল অনুযায়ী উপহার দেয়া হয় পেনড্রাইভ, স্পিকার ও প্রিন্টার। এছাড়া এসার ব্র্যান্ড শপের মডেল অনুযায়ী দাম ৫০০ থেকে ১০০০ টাকা কমানো হয়। কমপিউটার বিক্রেতা প্রতিষ্ঠান ইউসিসির এএমডি প্রসেসর কিনলে টি-শার্ট, মগ, ক্যালেন্ডার উপহার দেয়া হয়। এছাড়া সাড়ে ৮ হাজারে বিক্রি করা হয় ট্যাবলেট পিসি। ▸

উপহার হিসেবে সাথে দেয়া হয় ব্যাগ ও কিবোর্ড। এবারের মেলায় বিভিন্ন পণ্যের ছাড় ও অফার দর্শনার্থীদের মন কেড়েছে। অন্যবারের তুলনায় মেলায় দর্শনার্থীর সংখ্যাও ছিল বেশি।

## প্রতিযোগিতা

মেলার দ্বিতীয় দিন গিগাবাইটের উদ্যোগে গেমিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রায় ৭১২ গেমার এ প্রতিযোগিতায় অংশ নেন। নিড ফর স্পিড, ফিফা ১৪, কাউন্টার স্ট্রাইক ও কল অব ডিউটি গেমে প্রতিদ্বন্দ্বিতা করেন গেমাররা। গিগাবাইটের উদ্যোগে গেমিং প্রতিযোগিতার আয়োজন করে অর্পন কমিউনিকেশন লিঃ ও আমব্রেলা ম্যানেজম্যান্ট।

## অন্যান্য সুবিধা

প্রদর্শনীতে প্রবেশ মূল্য ১০ টাকা রাখা হয়। প্রতিবারের মতো এবারও মেলায় শিক্ষার্থীরা পরিচয়পত্র দেখিয়ে বিনামূল্যে প্রবেশের সুযোগ পায়। প্রতিদিন টিকেটের ওপর র‍্যাফেল ড্রয়ে এলসিডি টিভি, ল্যাপটপসহ আকর্ষণীয়সব প্রযুক্তিপণ্যের পুরস্কার লাভের সুযোগ পান দর্শনার্থীরা। গোল্ড স্পন্সর আসুস, অ্যাভিরা, স্যামসাং, এইচপি এবং পেমেন্ট পার্টনার বিকাশ। মিডিয়া পার্টনার এটিএন বাংলা, বাংলাদেশ প্রতিদিন, এবিসি রেডিও এবং বাংলানিউজ২৪ডটকম। মেলা প্রাঙ্গণে বিভিন্ন ধরনের প্রতিযোগিতার আয়োজন করা হয় কজ

***ফিডব্যাক : anjan.tushar@gmail.com***